Virtual Schools

ফেব্রুয়ারি 2021

Toronto District School Board

টিডিএসবিভার্চুয়াল সেকেন্ডারি স্কুল ফ্যামিলি নিউজলেটার (TDSB Virtual Secondary School Family Newsletter)

যখন আমরা সবাই এই সমস্যাবহুল সময়টি পরিচালনা করা চালিয়ে যাচ্ছি , আমরা আশা করছি যে ফ্যামিলি ডে দীর্ঘ সপ্তাহান্তিক ছুটিটি (long weekend) সবাই উপভোগ করেছেন এবং আয়েশ ও কিছু সময় একসাথে উপভোগ করার সুযোগ পেয়েছেন।

এখন কোয়াডমেস্টার 3 (Quadmester 3) ভালভাবেই চলছে এবং 22 এপ্রিলে শেষ হয়ে যাবে। কোয়াডমেস্টার 4 (Quadmester 4) শুরু হবে 23 এপ্রিলে এবং 28 জুন শেষ হবে।

শিক্ষার্থীগণ ও কর্মচারীগণ ভার্চুয়াল স্কুলটি ভালোভাবেই চালিয়ে যাচ্ছেন এবং আমরা অতিবাহিত হয়ে যাওয়া প্রতিটি মাস সহ শ্রেণীকক্ষসমূহে যে নতুন ও সৃজনশীল শিক্ষণের সুযোগসমূহ এবং কর্মকাণ্ডসমূহ ঘটছে সে সম্পর্কে শুনছি।

আরও তথ্য ও হালনাগাদসমূহের জন্য অনুগ্রহ করে www.tdsb.on.ca/virtualschool এ যান এবং টুইটার বা Twitter@tdsbvs এ অনুসরণ করুন।

কোভিডের মধ্যদিয়ে এগিয়ে চলা (Coping Through COVID)

11 ফেব্রুয়ারিতে পিতা-মাতাগণ এবং পরিচর্যাকারীগণ বিশ্ব অতিমারী বা পেনডেমিকের সময় মানসিক স্বাস্থ্য ও কল্যাণকে সহায়তা করার কৌশলগুলো মোকাবেলা করা সম্পর্কে জানার এবং আলোচনা করার জন্য টিডিএসবির (TDSB) মানসিক স্বাস্থ্য-বিষয়ক পেশাজীবীগণের সাথে যোগদান করেছেন। যারা এই অনুষ্ঠানটিতে সরাসরি যোগদান করতে ব্যর্থ হয়েছেন, তারা এখানে ওয়েবকাস্টে ধারণকৃত অংশ বা রেকর্ডিংটি দেখুন।

আমাদের সাথে ভার্চুয়াল ড্রপ-ইনস বা সহসা-উপস্থিতির জন্য যোগ দিন ! (Join us for Virtual Drop-Ins!)

টিডিএসবির প্রোফেশন্যাল সাপোর্ট সার্ভিসেসের (Professional Support Services) কর্মচারীগের সাথে সরাসরি যুক্ত হোন। আপনার শিশুর বা কিশোর-কিশোরীদের মানসিক স্বাস্থ্য ও কল্যাণ কিভাবে সমর্থন করতে হবে সে সম্পর্কে প্রশ্নসমূহ জিজ্ঞাসা করুন এবং উত্তরসমূহ জেনে নিন।

প্রতি মঙ্গলবার, সকাল 10টা থেকে 11টা পর্যন্ত।

প্রতি বৃহস্পতিবার, সন্ধ্যা 7টা থেকে 8টা পর্যন্ত

শিক্ষার্থীগণ এবং পিতা-মাতাগণ/পরিচর্যাকারীগণের জন্য নবাগত সহায়তাসমূহ (Newcomer Supports for Students and Parents/Caregivers)

স্কুলে সংস্থাপন সংক্রান্ত কর্মীগণ বা সেটেলমেন্ট ওয়ার্কার্স ইন স্কুলস (এসডাব্লিউআইএস – SWIS), যা এসইপিটি - SEPT) নামেও পরিচিত, নতুন আগত পরিবারগণ এবং মাধ্যমিক স্কুলের শিক্ষার্থীগণকে স্কুলের শাখা ও অভ্যর্থনা কেন্দ্রসমূহে সংস্থাপন বিষয়ক পরিষেবাসমূহ প্রদান করে। সংস্থাপন কর্মীগণ (সেটেলমেন্ট ওয়ার্কার্স) ব্যক্তিগত/ পারিবারিক পরিষেবাসমূহ বা দলগত কর্মসূচিসমূহ সরবরাহ করে যা অংশগ্রহণকারীগণকে নতুন শিক্ষা ব্যবস্থাটিকে বুঝতে ও সফলভাবে স্থানান্তর করতে এবং সংস্থাপন প্রক্রিয়াটিকে ত্বরান্বিত করতে সাহায্য করে।

সংস্থাপন সংক্রান্ত সহায়তাসমূহের জন্য, অনুগ্রহ করে : www.tdsb.on.ca/New-to-Canada/Settlement--Workersএ যান।

মার্চ ব্রেক বা মার্চ মাসের ছুটির তারিখসমূহের পরিবর্তন (Change to March Break Dates)

জন স্বাস্থ্য বা পাবলিক হেলথের কর্মচারীগণের পরামর্শ অনুসারে,

কোভিড-19 এর কমিউনিটিতে সংক্রমণ হ্রাস করায় সাহায্য করার জন্য মিনিস্ট্রি অব এডুকেশন বা শিক্ষা মন্ত্রণালয় মার্চ ব্রেক বা মার্চ মাসের ছুটি বিলম্বিত করেছেন। ব্রেক বা ছুটিটির সময় এখন **12 – 16 এপ্রিল, 2021** তারিখ পর্যন্ত নির্ধারণ করা হয়েছে।

পাসওয়ার্ড পুনঃস্থাপন করার সংক্রান্ত স্ব-সেবা বা সেলফ-সার্ভিস (Self-Service Password Reset)

17 ফেব্রুয়ারি, বুধবার, আইটি (IT) একটি নতুন সেলফ-সার্ভিস পাসওয়ার্ড রিসেট টুল চালু করেছে যা ভার্চুয়াল স্কুলের কর্মচারীগণ এবং শিক্ষার্থীগণকে দ্রুত ও সহজে তাদের টিডিএসবি-র নিজস্ব পাসওয়ার্ড পুনঃস্থাপন করতে দেবে।

এই উদ্যোগটি শুরু হওয়ার 3 দিনের মধ্যেই 96% কর্মচারী এবং শিক্ষার্থী স্ব-সেবা পাসওয়ার্ড পুনঃস্থাপন সংক্রান্ত পদ্ধতিটির (self-service password reset tool) জন্য সফলভাবে নিবন্ধন করেছেন।

সুসংবাদটি হচ্ছে এই যে ব্রাইটস্পেইস (Brightspace), জুম (Zoom), মাইইনফো (myINFO), ইত্যাদি, যেটাই হোক না কেন প্রায় সকল ভিএসএস (VSS) এর কর্মচারীগণ এবং শিক্ষার্থীগণই লগইন করার সময় তাদের নিজস্ব পাসওয়ার্ডটি পুনঃস্থাপন করতে সক্ষম হবেন। কর্মচারীগণের/আইটির হস্তক্ষেপের কোন প্রয়োজন নেই।

টিডিএসবি আফ্রিকার ঐতিহ্য সংক্রান্ত মাস উদযাপন করছে (TDSB Celebrates African Heritage Month)

ফেব্রুয়ারি মাস চলাকালে, টরন্টো ডিস্ট্রিক্ট স্কুল বোর্ড (Toronto District School Board) আফ্রিকান ঐতিহ্য সংক্রান্ত মাসকে স্বীকৃতি প্রদান এবং উদযাপন করার জন্য গর্বিত। কানাডা এবং পৃথিবীকে আফ্রিকান বংশোদ্ভূত মানুষের অনেক কৃতিত্বসমূহ ও অবদানসমূহকে উদযাপন করার জন্য এটি একটি উপলক্ষ। 2020- 2021 সালের জন্য বাছাইকৃত বিষয়টি হচ্ছে **কুজিচাগুলিয়া বা Kujichagulia: আত্ম-দৃঢ়সংকল্প (Self Determination)।** আরো জানুন।

টিডিএসবি চীনা ঐতিহ্য সংক্রান্ত মাস উদযাপন করছে (TDSB Celebrates Chinese Heritage Month)

ফেব্রুয়ারি মাস চলাকালে, টরন্টো ডিস্ট্রিক্ট স্কুল বোর্ড চীনা ঐতিহ্য সংক্রান্ত মাস স্বীকৃতি প্রদান এবং উদযাপন করার জন্য গর্বিত। এই বছরটি ***ষাড়ের বছর বা ইয়ার অব দ্যা ওক্স (Year of the Ox):*** **বিশ্বস্ত, সৎ দায়িত্বশীল, কঠোর পরিশ্রমী এবং যৌক্তিক।** চন্দ্র নববর্ষ বা লুনার নিউ ইয়ারটি বসন্ত উৎসব হিসেবেও পরিচিত এবং যা চন্দ্র সংক্রান্ত পঞ্জিকার প্রথম চাঁদটি দিয়ে শুরু হয় ও 15 দিন পরে চন্দ্র সংক্রান্ত পঞ্জিকার প্রথম পূর্ণিমার দিনে শেষ হয়। আরো জানুন।

বিশেষ শিক্ষা সংক্রান্ত হালনাগাদ (Special Education Update)

যে সকল পরিবারগণ ভার্চুয়াল মাধ্যমিক বা সেকেন্ডারি স্কুলে ভিএসএস – (VSS) এমআইডি (MID) বা ডিডি (DD) আইএসপি (ISP) শ্রেণীতে স্থাননির্ণয় বা প্লেইসমেন্টে আগ্রহী, তাদের প্রথমেই তাদের নিজ-নিজ স্কুল বা হোম স্কুলের (homeschool) সাথে যোগাযোগ করা উচিত। নিজ-নিজ স্কুলের প্রশাসনের একজন সদস্য ভার্চুয়াল মাধ্যমিক স্কুলের স্পেশাল এডুকেশন ডিপার্টমেন্টের প্রিন্সিপ্যালগণের একজনের সাথে যোগাযোগ করবেন। সবগুলো অনুরোধই বিবেচনা করা হবে তবে তা শ্রেণীর আকারের সীমাদ্ধতা এবং শ্রেণী বা গ্রেড স্তরের উপর ভিত্তি করে সীমিত করা হবে।

নিজ-নিজ স্কুলসমূহ উপস্থিতি সংক্রান্ত বিষয়সমূহ, পিএসএসপি

(PSSP) সংক্রান্ত চাহিদা, এবং আইএলপিএস (ILPS) ও আইইপিএস (IEPS) উন্নয়নসাধন সম্পর্কে আলোচনা করার জন্য ভিএসএস (VSS) এ তাদের শিক্ষার্থীগণের জন্য আইএসটি/এসএসটি (IST/SST) বিষয়ক সভাসমূহের আয়োজন করা চালিয়ে যাবে।

1 মার্চ সন্ধ্যা 7 টায় স্পেশাল এডুকেশন এডভাইজরি কমিটির পরবর্তী সভায় যোগ দিন। আরো জানুন ।

ভার্চুয়াল লাইব্রেরী সংক্রান্ত তথ্য-সম্বলিত সম্পদসমূহ (Virtual Library Resources)

আপনি কি জানেন যে বাড়ি থেকে শিক্ষণের সময় শিক্ষার্থীগণ টিডিএসবি দ্বারা প্রদানকৃত ইবুকস (ebooks), জ্ঞানকোষসমূহ (encyclopedias), ভিডিওসমূহ এবং অন্যান্য তথ্য অধিগমন করতে পারেন ?

টিডিএসবির ভার্চুয়াল লাইব্রেরীটি শিক্ষার্থীগণকে শিক্ষণে সাহায্য করার জন্য ডিজিটাল তথ্য-সম্বলিত সম্পদসমূহ যত্নসহকারে নির্বাচন করেছে যা যেকোনো সময় যেকোনো স্থান থেকে অধিগমন করা যেতে পারে।

ভার্চুয়াল লাইব্রেরীটি শিক্ষার্থীগণকে নিম্নলিখিত বিষয়সমূহে পেতে সাহায্য করার জন্য পরিকল্পনা করা হয়েছে:

- প্রকল্প বা প্রজেক্টসমূহ, বাড়ির কাজ বা হোম ওয়ার্কের ব্যাপারে সাহায্য করার জন্য এবং **K থেকে 12শ শ্রেণী পর্যন্ত শিক্ষার্থীগণকে** বিভিন্ন বিন্যাসে পঠন ও পর্যবেক্ষণে উৎসাহিত করার জন্য **পাঠ্যক্রমের সাথে সম্পর্কিত অনলাইন তথ্য-সম্বলিত সম্পদসমূহ/পদ্ধতিসমূহ** – ইবুকস, ডেটাবেইস প্রবন্ধসমূহ, প্রবাহিত বা স্ট্রীমড প্রচার মাধ্যম এবং অনলাইন সংক্রান্ত পদ্ধতিসমূহ [রীড ওয়াচ লার্ন এন্ড ফাইন্ড (Read Watch Learn and Find) দেখুন]

- গবেষণা, গণিতের অনুশীলন, গেইমস ,বাড়ির কাজে **সাহায্য করার জন্য বিষয় সম্পর্কিত লিংকসমূহ** [ফাইন্ড (Find) দেখুন]

- **অনুসন্ধান বা গবেষণা সংক্রান্ত প্রকল্প** শুরু করার জন্য তথ্য-সম্বলিত সম্পদসমূহ [ইনকুয়ারী এন্ড ফাইন্ড (Inquiry and Find) দেখুন]

- পঠন সংক্রান্ত পরামর্শসমূহ এবং **শিক্ষার্থীর বই সংক্রান্ত পর্যালোচনাসমূহ** [রীড এন্ড জাস্ট রীড ইট (Read and Just Read It) দেখুন]

ভার্চুয়াল লাইব্রেরীটি www .tdsb.on.ca/- library-তে বা আপনার স্কুলের ওয়েবপেইজ–এর মাধ্যমে বা আপনার শিক্ষার্থীর ব্রাইটস্পেইস–এর শ্রেণীকক্ষে অনুসন্ধান করুন।

বাড়িতে শিক্ষার্থীগণের সাথে ভার্চুয়াল লাইব্রেরীটি কিভাবে ব্যবহার করতে হবে সে সম্পর্কে আরও তথ্যের জন্য, বামপার্শ্বের টুলবারটি (Toolbar) থেকে প্যারেন্ট (Parent) বোতামটি খুঁজুন।

বাড়ি থেকে ভার্চুয়াল লাইব্রেরীর তথ্য-সম্বলিত আরও সম্পদসমূহে অধিগমন করতে ভার্চুয়াল লাইব্রেরী পাসওয়ার্ড ইনফরমেশন পেইজ সম্পর্কে আপনার শিশুর শিক্ষককে জিজ্ঞাসা করুন।

ভার্চুয়াল কো-অপ কর্মসূচি (Virtual Co-op Program)

এই কোয়াডে আমাদের বিভিন্ন ধরনের আগ্রহ এবং স্থাননির্ণয় বা প্লেইসমেন্ট সংক্রান্ত অনুরোধসমূহ সহ 300 জনের বেশী শিক্ষার্থী রয়েছে যারা 2-ক্রেডিট কো-অপ কর্মসূচিতে (2-credit Co-op program) অংশগ্রহণ করছেন। শিক্ষার্থীগণকে ভার্চুয়ালভাবে স্থাপন করার ক্ষেত্রে শিক্ষকগণ সফল হয়েছেন এবং তারা বিশেষভাবে দন্ত-চিকিৎসকগণ বা ডেন্টিস্টস, ডিজিটাল বিপণনকারীগণ বা ডিজিটাল মার্কেটার্স, প্রাথমিক শ্রেণীকক্ষের শিক্ষকগণ, আভ্যন্তরিক নকশাকারগণ বা ইনটেরিওর ডিজাইনারর্স, সফটওয়ার পরীক্ষকগণ বা

টেস্টারর্স, অনুষ্ঠান পরিকল্পনাকারীগণ বা ইভেন্ট প্ল্যানার, স্থপতিগণ বা আর্কিটেক্টস এবং দীর্ঘ-কালীন সেবা কেন্দ্রসমূহের সাথে কাজ করছেন - কয়েকটি মাত্র উল্লেখ করলে।

শিক্ষার্থীগণ তাদের প্রযুক্তি এবং গবেষণা সংক্রান্ত দক্ষতাসমূহের উন্নতিবিধান করার সময় ভার্চুয়াল পরিবেশে কর্ম জীবনটি সম্পর্কে শিখছেন। তারা তাদের আগ্রহের ক্ষেত্রে মূল্যবান পেশাগত সংযোগসমূহও তৈরী করছেন এবং প্রতিদিন নিজেদের সম্পর্কে আরও আবিস্কার করছেন!

কম্পিউটার বিজ্ঞান সংক্রান্ত হালনাগাদ (Computer Science Update)

20টির বেশী ক্লাশ নিয়ে কম্পিউটার সায়েন্স ডিপার্টমেন্টটি শুরু হয়েছে এবং শিক্ষকগণ বিশ্ব বিখ্যাত ওয়াটারলু ক্যানাডীয়ান কম্পিউটিং কম্পিটিশনের (Waterloo Canadian Computing Competition) জন্য প্রস্তুতি গ্রহণ করেছেন যা শিক্ষার্থীগণকে সমস্যা-সমাধান ও গাণিতিক পরিভাষার নকশা বা এলগোরিদম ডিজাইন সংক্রান্ত দক্ষতাসমূহ তীক্ষ্ণ করার সুযোগ প্রদান করবে যা তাদের পেশাগত জীবন এবং জীবনযাত্রাসমূহের জন্য উপকারী হবে।

আমরা গর্বিত যে 17 ফেব্রুয়ারিতে প্রায় 100 জন শিক্ষার্থী প্রতিযোগিতাটিতে অংশগ্রহণ করেছেন এবং প্রস্তুতি গ্রহণ করার জন্য অনেকগুলো কম্পিউটার সায়েন্স ক্লাশ এবং কম্পিউটার ক্লাবকে একীভূত করা হয়েছিল। প্রতিযোগিতার বাইরে, শিক্ষার্থীগণ বাস্তব পৃথিবীর প্রোগ্রামিং সংক্রান্ত ভাষা বা ল্যাঙ্গুয়েজসমূহে কিভাবে সমস্যার সমাধান করতে হবে সে সম্পর্কে শিখছেন যেমন জাভা (Java), পাইথন (Python), জাভাস্ক্রিপ্ট (JavaScript) এবং কিছু গেইম সংক্রান্ত নকশা ও অ্যাপের উন্নয়ন (APP development)। আমরা স্কুল শিক্ষাবর্ষের দ্বিতীয়ার্ধে বাস্তব সমস্যাসমূহের উদ্ভাবনী সমাধানগুলো খুঁজতে শিক্ষার্থীগণকে সাহায্য করা চালিয়ে যাওয়ার প্রত্যাশা করছি।

ভিএসএস ব্ল্যাক স্টুডেন্ট অ্যালাইয়েন্স (বিএসএ - BSA) [VSS Black Student Alliance (BSA)]

ভিএসএস এর শিক্ষার্থীগণ যারা শিক্ষকগণের সাথে যুক্ত ছিলেন, তাদের উদ্যোগের মাধ্যমে ভিএসএস (VSS) কৃষ্ণাঙ্গ শিক্ষার্থী জোট বা ব্ল্যাক স্টুডেন্ট অ্যালাইয়েন্সটি 2020 সালের শরৎকালে শুরু হয়েছে কারণ তারা একটি ব্ল্যাক হিস্টোরি মান্থ সংক্রান্ত সমাবেশ চেয়েছেন। শিক্ষার্থীদের মতামত এবং পক্ষপাতসমর্থনকে কাজে লাগিয়েই বিএসএ (BSA) সৃষ্টি করা সম্ভব হয়েছে যার পরামর্শদাতাগণ হচ্ছেন শিক্ষক যারা শিক্ষার্থীগণের সাথে গুগল ক্লাশরুম) Google classroom (ব্যবহার করে বিএসএ -এর কমিউনিটি তৈরী করার জন্য কাজ করেছেন যেটাতে বর্তমানে 100 জনের বেশী সদস্য রয়েছে।

বিএসএ শিক্ষার্থীগণদের নিয়ে একটি প্রানবন্ত সংগঠনে পরিণত হয়েছে (ভিএসএস এর শিক্ষার্থীগণ, শিক্ষকগণ এবং প্রশাসকগণ সহ)। আমাদের বিএসএ শিক্ষার্থীগণের একজন টিয়ানা আলভেরাডো-রেনি (Tiyana Alvarado-Rennie) টিডিএসবি-ব্যাপী জুম সভা এবং উপস্থাপনা আফ্রিকান হেরিটেইজ মান্থ বিএসএ ফোরাম :*কিভাবে একটি ভার্চুয়াল কৃষ্ণাঙ্গ শিক্ষার্থী জোট সৃষ্টি করা যায় (How to start a Virtual Black Student Alliance)* - এর সময় তার অভিজ্ঞতাসমূহের কথা বলেছেন। ভিএসএস বিএসএ একটি ওয়েবসাইটও চালু করেছে যা শিক্ষার্থীগণকে তথ্য, স্টুডেন্ট-তৈরীকৃত ভিডিওসমূহ, ঘটনাবলী এবং পডকাস্টসমূহ আলোচনা করার জন্য উৎসাহ প্রদান করছে : https://sites.google.com/tdsb.on.ca/vss-black-student-alliance/home।

টিয়ানা এখানে একটি শিক্ষার্থী ফোরামও তৈরী করেছেন : https://sites.google.com/student.tdsb.on.ca/virtualschoolblackhistorymonth/home।

বিএসএ শিক্ষার্থীগণ কমিউনিটিসমূহে ভিএসএস এর পরিবেশে নেতৃত্ব সংক্রান্ত দক্ষতাসমূহ অর্জন করছেন যেমন ইভেন্টস টীম, অ্যানাউন্সমেন্ট টীম এবং অ্যাসেম্বলী টীম। শিক্ষাবর্ষ জুড়ে

বিএসএ এর প্রচেষ্টাসমূহ চলমান সভাসমূহ এবং আলোচনাসমূহ, অতিথি বক্তাগণ, উপস্থাপনাসমূহ এবং অন্যান্য উদ্যোগগুলোকে অন্তর্ভুক্ত করে যা কৃষ্ণাঙ্গ-বিরোধী বর্ণবাদ প্রতিরোধ করে ও ন্যায়বিচার, অন্তর্ভুক্তিকরণ, এবং কৃষ্ণাঙ্গদের উৎকর্ষতা ও শিক্ষার্থীর সাফল্য, শিক্ষার্থীর মতামত এবং পক্ষসমর্থনের প্রতি টিডিএসবির অঙ্গীকারকে আরও সাহায্য করছে। বিএসএ এর পোষকতা করা এবং কৃষ্ণাঙ্গের পরিচয়সমূহের আরও আন্তঃসংযোগগুলোর অন্বেষণ করা চালিয়ে যাবে।

বিএসএ অপর্যাপ্তভাবে প্রতিনিধিত্ব করা মতামতসমূহেরও একটি জোট। অতি সম্প্রতি আমরা লেরয় নিউবল্ড (LeRoi Newbold) এবং ট্যুইসাইয়েড মাইয়াকে-মুগলার (Twsyed Miyake-Mugler) সহ "ব্ল্যাক ক্যুইয়ার এন্ড ট্রান্স হিস্টোরি" মধ্যাহ্ন-ভোজনের অনুষ্ঠানে ভিএসএস জিএসএ (GSA) এর অংশীদার হয়েছি যাতে ব্ল্যাক ক্যুইয়ার এবং ট্রান্স- এর ইতিহাস, সংস্কৃতি ও নৃত্যের মধ্যে সংযোগসমূহ নিয়ে আলোচনা করা হয়েছে।

ভিএসএস বিএসএ কৃষ্ণাঙ্গ শিক্ষার্থীগণকে ক্ষমতায়ন এবং ব্যাপক নিরাপদ স্থানসমূহ তৈরী করার কাজ চালিয়ে যাবে যা ভার্চুয়াল স্কুলের পরিবেশে কৃষ্ণাঙ্গ শিক্ষার্থীগণের মধ্যে শিক্ষার্থীর নেতৃত্ব, মতামত ও পক্ষসমর্থন গড়ে তুলবে।

ভিএসএস জেন্ডার এন্ড সেক্সচুয়ালিটি অ্যালাইয়েন্স (VSS Gender and Sexuality Alliance)

ভার্চুয়াল সেকেন্ডারি স্কুল জেন্ডার এন্ড সেক্সচুয়ালিটি অ্যালাইয়েন্স (ভিএসএস জিএসএ – VSS GSA) শিক্ষার্থীগণের জন্য সুযোগসমূহ প্রদান করা চালিয়ে যাচ্ছে। আমরা একটি উইন্টার ওয়ার্ম-আপ সমাবেশ দিয়ে 2020 শেষ করেছি এবং ওয়েলকাম ব্যাক সভা দিয়ে 2021 শুরু করেছি। তারপর আমরা প্ল্যানড পেরেন্টহুড টরন্টোর একজন অতিথি বক্তা সহ সেক্স এড কিউএন্ডএ (Sex Ed Q&A) একটি অধিবেশনেরও আয়োজন করেছি।

জিএসএ এর মধ্যে আমাদের 11টি সক্রিয় দল বা গ্রুপ রয়েছে যারা চমৎকার কাজ করছে এবং প্রতি সপ্তাহে মিলিত হওয়া চালিয়ে যাচ্ছে। কলা সংক্রান্ত গ্রুপটি (Arts Group) ক্লাবের জন্য পোস্টারসমূহ, লোগোসমূহ এবং টি-শার্টসমূহ সহ অনেক প্রকল্প নিয়ে কাজ করছে। ডিজঅ্যাবিলিটি স্টুডেন্ট গ্রুপটিতে (Disability Student Group) শিক্ষার্থীগণ সক্ষমতাবাদের (Ableism) আবরণ মুক্ত করার জন্য একটি সহায়কমূলক পরিবেশ খুঁজে পান। ধর্মীয় বিশ্বাস/ধর্ম সংক্রান্ত দলটি (Faith/Religion Group) ধর্ম সম্পর্কে আলোচনা করার জন্য নিরাপদ এবং যত্নশীল স্থানসমূহের প্রয়োজনীয়তা ও বিভিন্ন লিঙ্গ এবং যৌন পরিচিতিসমূহের সাথে তাদের ধর্মীয় চর্চাসমূহের সম্পৃক্ততার অন্বেষণ করছে।

নারী বা ফেম দলটি (Fem Group) সকল নারী শিক্ষার্থীগণের জন্য তাদের আগ্রহসমূহ এবং অভিজ্ঞতাসমূহ নিয়ে আলোচনা করার একটি দল। প্রশ্নবিদ্ধ দলটি (Questioning Group) হলো একটি স্থান যেখানে শিক্ষার্থীগণকে নিজেদের পরিচয়ের ছাপ বা লেবেল লাগাতে হয় না। বর্ণের শিক্ষার্থী সংক্রান্ত দলটিতে (Students of Colour Group), শিক্ষার্থীগণ প্রতি সপ্তাহে আলোচনার বিষয়সমূহ বাছাই করেন এবং কমিউনিটি গড়ে তুলতে সক্ষম ও তথ্য-সম্বলিত সম্পদসমূহ নিয়ে আলোচনা করেন। ট্রান্স/নন-বাইনারি/জেন্ডারক্যুইয়ার দলটি (Trans/Non-binary/Genderqueer Group) ভার্চুয়াল পৃথিবীতে তারা যে ধরনের পরিবর্তন দেখতে চান সে সম্পর্কে আলোচনা করছেন।

কল্যানমূলক দলটি (ওয়েলনেস গ্রুপ - Wellness Group) শিক্ষার্থীগণকে ভার্চুয়াল স্কুল ,কোভিড-19 এবং ক্যুইয়ার ও ট্রান্সফোবিয়া সংক্রান্ত চাপকে পরিচালনা করার জন্য দক্ষতাসমূহ গড়ে তোলায় সাহায্য করে। গেইমিং দলটি (Gaming Group) অ্যাল্টারনেইট রিয়েলিটি গেইম (এআরজি – ARG) নিয়ে কাজ করছে যা বাদ্যযন্ত্র বিষয়ক উপাদানসমূহকে অন্তর্ভুক্ত করে। সবশেষে, সক্রিয়তাবাদ দলটি (Activism Group) বিশেষ অতিথিগণ, লেরয় নিউবল্ড

এবং ট্যুইসাইয়েড মাইয়াকে-মুগলার সহ ব্ল্যাক ক্যুইয়ার এবং ট্রান্স হিস্টোরি সম্পর্কে ব্ল্যাক হিস্টোরি মানথের জন্য একটি উপস্থাপনা একত্রিত করেছে।

ভিএসএস জিএসএ এর দ্বৈত-আত্মা（Two-spirit）হওয়ার অর্থ কী এবং জুনে ভার্চুয়াল প্রাইড উইক সহ অবশিষ্ট বছরটির জন্য বড় বড় পরিকল্পনাসমূহ রয়েছে। আমাদের ওয়েবসাইটে আরো জানুন বা সামাজিক মাধ্যম https://sites.google.com/tdsb.on.ca/ ,vssgsa @VSS_GSA（Twitter）and @vss.gsa（Instagram）-এ আমাদের অনুসরণ করুন।

টরন্টো কমিউনিটি হাউজিং: ইনভেস্টিং ইন আওয়ার ডাইভারসিটি স্কলারশীপ প্রোগ্রাম (Toronto Community Housing: Investing in Our Diversity Scholarship Program)

আপনি কি এই বছর স্নাতক হচ্ছেন? মাধ্যমিকোত্তর বা পোস্ট সেকেন্ডারি স্কুলের জন্য অর্থের প্রয়োজন ?শিক্ষাদান বা টিউশন, পুস্তকসমূহ, খাদ্য এবং পরিবহনের ব্যয়ের মধ্যে শিক্ষার্থীগণের জন্য মাধ্যমিকোত্তর স্কুলের ব্যয়ভার বহনের জন্য অর্থ সঙ্কুলান করা কষ্টকর হতে পারে।

ইনভেস্টিং ইন আওয়ার ডাইভারসিটি স্কলারশীপ（আইআইওডি -IIOD) এর জন্য আজকেই আবেদন করুন এবং টিউশন ফিসমূহ এবং পূর্ণ-কালীন মাধ্যমিকোত্তর স্কুলের শিক্ষা বা প্রশিক্ষণ সম্পর্কিত ব্যয় বহন করার জন্য $4000 পর্যন্ত জিতে নিতে পারেন।

আরো তথ্যের জন্য অনুগ্রহ করে

https://www.torontohousing.ca/-iiods−এ যান।